



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
কারিগরি শিক্ষা অধিদপ্তর
বরিশাল বিভাগ।



ওয়েবসাইট: www.rdobarishal.gov.bd

ই-মেইল: rdbarishal@gmail.com

স্মারক নং : ৫৭.০৩.০৬৫১.০০০.৯৯.০৫৭.২৩

তারিখ : ২২/০৫/২০২৩ খ্রিঃ

বিষয় : ২০২২-২৩ অর্থবছরের উপবৃত্তি প্রদানের নিমিত্ত ডিপ্লোমা পর্যায়ে (৩য়, ৫ম ও ৭ম পর্ব) নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট করা প্রসঙ্গে।

সূত্র: কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০১০.৪০.০০২.২২-১৬৩

তারিখ : ২২/০৫/২০২৩ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থবছরের উপবৃত্তি প্রদানের নিমিত্ত ডিপ্লোমা পর্যায়ে (৩য়, ৫ম ও ৭ম পর্ব) নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আগামী ৩০/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে MIS সফটওয়্যারে আপডেট করতে হবে। তথ্য এন্ট্রি বা আপডেটের সময় নিম্নোক্ত সতর্কতা অবলম্বন করতে হবে।

১। ইসটিটিউট কনফিগারেশন হালনাগাদ করতে হবে।

২। প্রতিষ্ঠানের শিক্ষার্থী যাচাই বাছাই কমিটি কর্তৃক নিম্নোক্ত ছক পূরণ করে ও শিক্ষার্থী তালিকা অনুমোদনের রেজুলেশন MIS এ আপলোড করতে হবে।

Semester	Number of Regular Male Students	Number of Regular Male Student (Consider for Stipend)	Number of Regular Female Students	Number of Regular Female Students (Consider for Stipend)	Total Number of Regular Students (Consider for Stipend)

৩। অ্যাকাউন্টধারীর জাতীয় পরিচয়পত্রের নামের সাথে অ্যাকাউন্টের নামের মিল থাকতে হবে।

৪। একই অ্যাকাউন্ট নম্বর একাধিক ব্যক্তির সামাজিক নিরাপত্তা বেষ্টনির অর্থ প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে না।

৫। মোবাইল ব্যাংকিংয়ের ক্ষেত্রে অ্যাকাউন্ট নম্বর সচল থাকতে হবে।

৬। শুধু কারিগরি শাখায় অধ্যয়নরত শিক্ষার্থীদের তথ্য পূরণ করে DTE STIPEND MIS এর মাধ্যমে আঞ্চলিক কার্যালয়ে ৩০/০৫/২০২৩ খ্রি. তারিখে এর মধ্যে প্রেরণ করতে হবে।

৭। নিম্নোক্ত ছক পূরণ পূর্বক যাচাই বাছাই কমিটির রেজুলেশন ও ইসটিটিউট কনফিগারেশনের হালনাগাদ কপি ৩০/০৫/২০২৩ খ্রি. তারিখের মধ্যে অবশ্যই আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, বরিশাল বিভাগ এ সরাসরি উপস্থিত হয়ে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

৮। সংযুক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দেশনা মোতাবেক তথ্য আপডেট ও এন্ট্রি করার জন্য অনুরোধ করা হলো।

বিলম্বে প্রেরিত তথ্য গ্রহণ করা হবে না এবং তথ্য প্রেরণে অসংগতির জন্য কোন শিক্ষার্থী উপবৃত্তি প্রাপ্তি থেকে বঞ্চিত হলে তার জন্য প্রতিষ্ঠান দায়ী থাকবে।

সংযুক্তি : অধিদপ্তর হতে প্রেরিত বিজ্ঞপ্তি- ০২ (দুই) পাতা।

(মোঃ ইসরাইল হোসেন)

উপসচিব

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ:

১। অধ্যক্ষ, সরকারি পলিটেকনিক ইসটিটিউট (সকল), বরিশাল বিভাগ।

২। অধ্যক্ষ, সরকারি পর্যায়ে ডিপ্লোমা শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠান (সকল), বরিশাল বিভাগ।

৩। অধ্যক্ষ, বেসরকারি পর্যায়ে ডিপ্লোমা শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠান (সকল), বরিশাল বিভাগ।

স্মারক নং : ৫৭.০৩.০৬৫১.০০০.৯৯.০৫৭.২৩ ৯১৫(৫)

তারিখ : ২২/০৫/২০২৩ খ্রিঃ

মুদ্রিত সনদ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সংযুক্ত কর্মকর্তা, স্টাইপেন্ড সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, অত্র দপ্তর (পত্র খানা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।

৫। সংরক্ষণ নথি।

(মোঃ ইসরাইল হোসেন)

উপসচিব

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

কারিগরি শিক্ষা অধিদপ্তর

বরিশাল বিভাগ।

ফোন : ০২৪৭৮৮৩০২১৪